



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস্ বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর),  
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।  
(অস্থায়ী কার্যালয়)

নথি নং-৫(১৩)১৬/কাস-বন্ড/লাইঃ/২০১৮/ ২২০৭ (১-২০)

তারিখ: ১৬/০৩/২০২৩ খ্রিঃ।

প্রেরক: কমিশনার  
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

বিষয়: মেসার্স অথেন্টিক এক্সেসরিজ ইন্ডাস্ট্রিজ লিঃ নামীয় প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স সাময়িক স্থগিত (Suspend) প্রত্যাহারসহ BIN Unlock (অবমুক্ত) করণ প্রসঙ্গে।


সূত্র: সমনথির পত্র নথি নং-৫(১৩)১৬/কাস-বন্ড/লাইঃ/২০১৮/৪৮৩, তারিখ: ২৯/০১/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স অথেন্টিক এক্সেসরিজ ইন্ডাস্ট্রিজ লিঃ, ঠিকানা: হোল্ডিং নং- ৯৮৯/এ, চামুরখান (আমতলা), কাঁচকুড়া, উত্তরখান, ঢাকা (বন্ড লাইসেন্স নং- ১২০৬/কাস-পিবিডরিউ/২০১৮ খ্রিঃ, তারিখ: ২৩/১২/২০১৮, ই-বিন নং-০০০০১৯৫৬২-০১০২, তারিখ: ৩০/১০/২০১৯ খ্রিঃ) নামীয় প্রতিষ্ঠানটি গত ২৩/১২/২০২০ খ্রিঃ হতে ২২/১২/২০২১ খ্রিঃ তারিখের নিরীক্ষা প্রতিবেদনের নোটাংশ-২২১ হতে ২৪৮ সরিয়ে রেখে কর্মকর্তার নাম ও সিল নকলকৃত কপি পুনরায় নথিতে প্রতিস্থাপন করায় এ দপ্তরে পত্র নং- ৫(১৩)১৬/কাস-বন্ড/লাইঃ/২০১৮/৪৮৩, তারিখ: ২৯/০১/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্স সাময়িক স্থগিত (Suspend) সহ BIN Lock পূর্বক কারণ দর্শাও নোটিশ জারি করা হয়।

০৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ৩০/০১/২০২৩ খ্রিঃ তারিখ লিখিত জবাবের আলোকে এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে সংক্ষিপ্ত বিচারাদেশ নং-০৮/সার্কেল-০৫/২০২৩, তারিখ: ২৩/০২/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে প্রতিষ্ঠানের বিপরীতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার অর্থদণ্ড আরোপ করে বিষয়টি নিষ্পত্তি করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আরোপিত অর্থদণ্ডের সমুদয় টাকা যথাযথভাবে সোনালী ব্যাংকে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করেন।

০৪। এমতাবস্থায়, প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্স নং- ১২০৬/কাস-পিবিডরিউ/২০১৮ খ্রিঃ, তারিখ: ২৩/১২/২০১৮ খ্রিঃ এর স্থগিতাদেশ (Suspension Order) এতদ্বারা প্রত্যাহার করা হলো এবং প্রতিষ্ঠানটির BIN Unlock (অবমুক্ত) করা হলো।



[মোঃ খায়রুল আলম]  
উপ-কমিশনার  
কমিশনারের পক্ষে।

প্রাপক: মেসার্স অথেন্টিক এক্সেসরিজ ইন্ডাস্ট্রিজ লিঃ  
ঠিকানা: হোল্ডিং নং- ৯৮৯/এ, চামুরখান (আমতলা), কাঁচকুড়া, উত্তরখান, ঢাকা।


নথি নং-৫(১৩)১৬/কাস-বন্ড/লাইঃ/২০১৮/ ২২০৭ (১-২০)

তারিখ: ১৬/০৩/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পি.এ. টু সদস্য, কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২-৮। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও, বন্ড কমিশনারেট চট্টগ্রাম/আইসিডি, কমলাপুর, ঢাকা/ পানগাঁও, কেরানীগঞ্জ।
- ৯-১৫। উপ/সহকারী কমিশনার, ডিইপিজেড, সাভার, ঢাকা/আদমজী ইপিজেড, নারায়ণগঞ্জ/মুজারপুর মুন্সিগঞ্জ, সিইপিজেড, চট্টগ্রাম/কুমিল্লা ইপিজেড, কুমিল্লা/উত্তরা ইপিজেড, নীলফামারী/ঈশ্বরদী ইপিজেড।
- ১৬। সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (তাকে বিষয়টি কম্পিউটার ডাটাবেইজে Update করার অনুরোধ করা হলো)।
- ১৭। ব্যবস্থাপক, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, মিরপুর-১০ সার্কেল শাখা, মিরপুর, ঢাকা।
- ১৮। ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরখান শাখা, উত্তরা, ঢাকা।
- ১৯। ইউপি শাখা, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ২০। অফিস কপি।

০/০



[মোঃ খায়রুল আলম]  
উপ-কমিশনার